

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৩, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ, ২০ চৈত্র ১৪১৪ বাং/০৩ এপ্রিল ২০০৮ খ্রিঃ

নং ০৮(মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১৮ চৈত্র ১৪১৪ বাং মোতাবেক ০১ এপ্রিল ২০০৮ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ০৮, ২০০৮

Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) Act, 1974 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) Act, 1974 (Act No. XXI of 1974) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

(১৯৪১)

মূল্য ৪ টাকা ২.০০

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) (Amendment) Ordinance, 2008 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। Act No. XXI of 1974 এর section 3 এর সংশোধন।—Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) Act, 1974 (Act No. XXI of 1974) এর section 3 এর sub-section 2 এর—

(ক) clause (b) এর পরিবর্তে নিম্নরূপ clause (b) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(b) a person is, at the time of his appointment as the Chairman or a member, a retired servant of the Government or of a statutory body or nationalised enterprise, he shall be paid the salary specified in sub-section (1), and no pensionary benefit, if any, will be deducted from the salary which the Chairman or a member is entitled to draw under section 3(1) and 3(2).”;

(খ) clause (c) এর পরিবর্তে নিম্নরূপ clause (c) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(c) a person appointed as the Chairman or a member retires from the service of the Republic or of a statutory body or nationalised enterprise during the term of his office as the Chairman or a member, he shall with effect from the date of his retirement, be paid the salary specified in sub-section (1), and no pensionary benefit, if any, will be deducted from the salary which the Chairman or a member is entitled to draw under section 3(1) and 3(2).”।

তারিখ ঃ ১৮ চৈত্র ১৪১৪ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০০৮ খ্রিস্টাব্দ।

প্রফেসর ডঃ ইয়াজউদ্দিন আহমেদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল
ভারপ্রাপ্ত সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।